JUSTICE AGENDA
NO TIME TO WAIT

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/31/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো এবং বিধানসভার নেতৃবৃন্দ আর্থিক বছর (FISCAL YEAR, FY) 2020 র বাজেটে সহমত পোষণ করেছেন

ঐতিহাসিক চুক্তি, সম্পত্তি করের স্তরকে 2% এ স্থায়ী করেছে, ঐতিহাসিক ফৌজদারি বিচার ব্যবস্থার সংস্কার, এবং সেন্ট্রাল বিজনেস ডিস্ট্রিক্ট টোলিংকে অন্তর্ভুক্ত করা মেট্রোপলিটান ট্রান্সপোর্ট অথোরিটির (Metropolitan Transportation Authority, MTA) পরিকল্পনাকে অন্তর্ভুক্ত করেছে

শিক্ষা খাতে সহায়তা 1 বিলিয়ন ডলারের বেশি বৃদ্ধি করে, শিক্ষা খাতে মোট অর্থায়ন 27.9 বিলিয়ন ডলার করেছে, এবং তুলনামূলক দরিদ্র স্কুলগুলির জন্য অর্থের যোগান সুনিশ্চিত করতে নতুন শিক্ষায় সাম্যের অনুমোদিত বিধি (Education Equity Formula) চালু করেছে

পাবলিক ক্যাম্পেন ফিনান্স সিস্টেমকে (Public Campaign Finance System) আইনে পরিণত করার চুক্তি

ধারাবাহিকভাবে নবম বছরের জন্য স্টেটের ব্যয় 2% রাখা

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো, সেনেট সংখ্যাগরিষ্ঠ নেতা অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন এবং অ্যাসেমব্লী স্পীকার কার্ল হেস্টি আজ আর্থিক বছর 2020-র বাজেটে সহমত পোষণ করেছেন। বাজেটটি ধারাভিকভাবে নয় বছর ধরে ব্যয় বৃদ্ধি 2% এ রেখেছে এবং মধ্যবিত্ত শ্রেণীর জন্য কর কর্তন করেছে।

2012 সালে প্রথম কার্যকর করা 2% স্থায়ী সম্পত্তি কর যা ইতিমধ্যে নিউ ইয়র্কবাসীদের 25 বিলিয়ন ডলার সাশ্রয় করেছে, সেই সময় থেকে এই করের স্তরের সাথে এই বাজেট বিভিন্ন ঐতিহাসিক প্রকল্পকে অন্তর্ভুক্ত করেছে যা স্টেটে ব্যাপক রূপান্তর এবং সামাজিক ন্যায়বিচারে সংস্কার নিয়ে আসবে; সেন্ট্রাল বিজনেস ডিস্ট্রিক্ট টোলিংয়ের (Central Business District Tolling) মাধ্যমে পরবর্তী মূলধন প্রকল্পে অর্থের যোগান সুনিশ্চিত করতে একটি কৌশলগত MTA সংস্কার পরিকল্পনা এবং স্থায়ী আয়ের সংস্থান; শিক্ষা খাতে সাহায্যের জন্য আরও 1 বিলিয়ন ডলার ধার্য করা যা শিক্ষা খাতে অর্থের যোগানকে 27.9 বিলিয়ন ডলার করেছে; এবং নগদ অর্থ প্রদান করে জামিন পদ্ধতি, বিচারব্যবস্থা দ্রুততর করা সহ ঐতিহাসিক ফৌজদারি বিচার ব্যবস্থার সংস্কার, এবং নিউ ইয়র্ককে সকলের জন্য একমাত্র গন্তব্য করার প্রক্রিয়াগুলি আবিষ্কার করা।

ব্যয়

বাজেট চুক্তিটি নিম্নলিখিত বিভাগগুলিতে ব্যয় করাকে অন্তর্ভুক্ত করে:

- স্টেটের মোট অপারেটিং ফান্ড: 102.1 বিলিয়ন ডলার; 2 শতাংশ বৃদ্ধি
- আর্থিক বছর 2020-র জন্য সমস্ত ফান্ডের ব্যয় 175.5 বিলিয়ন ডলার
- স্কুলগুলিকে সহায়তা: 27.9 বিলিয়ন ডলার; 3.8 শতাংশ বৃদ্ধি
- স্টেট মেডিকেড (Medicaid)/স্বাস্থ্য খাতে ব্যয়: 19.6 বিলিয়ন ডলার; 3.6 শতাংশ বৃদ্ধি

"শুরু থেকে, আমি বলেছিলাম যুগ যুগ ধরে এই স্টেটে চলে আসা – সম্পত্তি করের স্থায়ী স্তর, ফৌজদারি বিচার ব্যবস্থার সংস্কার এবং সেন্ট্রাল বিজনেস ডিস্ট্রিক্ট টোলিং সহ MTA কে ঢেলে সাজানো, তিনটি প্রধান সমস্যার সমাধান করতে ব্যর্থ এরকম কোনো বাজেট আমি করবো না", **গভর্নর কুওমো বলেন।** "আমি এটিও বলেছিলাম যে এই বাজেটটিকে অবশ্যই ন্যায্য হতে হবে – অর্থাৎ এটিকে অবশ্যই আর্থিক দিক দিয়ে দায়বদ্ধ হতে হবে এবং যুক্তরাষ্ট্রীয় প্রশাসনের আমাদের স্টেটের উপর চলতে থাকা অর্থনৈতিক নির্যাতন থেকে নিউ ইয়র্ককে রক্ষা করতে হবে। আমরা একত্রে গর্বের সাথে ঘোষণা করছি, আমরা সেটি করতে সক্ষম হয়েছি। এই চুক্তি পরপর 9 বছর ধরে ব্যয়কে 2% এ রাখার সাথে সাথে, আমাদের লক্ষ্যগুলি পূরণ করেছে এবং আমাদের 100-দিনের ন্যায় বিচারের বিষয়সূচির রূপান্তরকরণ নীতিগুলিকে আইনে পরিণত করেছে। সেনেট সংখ্যাগরিষ্ঠ নেতা অ্যান্ড্রু স্টুয়ার্ট-কাজিন এবং অ্যাসেমব্লী স্পীকার কার্ল হেস্টিকে তাদের সহযোগিতার জন্য আমি ধন্যবাদ জানাই, এবং আমি ইতিহাসের সর্বাধিক ফলপ্রসু বিধানসভা অধিবেশন অর্জন করার আশা রাখব।"

"সেনেট সংখ্যা গরিষ্ঠ একটি দায়িত্বপূর্ণ, কার্যকর, এবং সময়োপযোগী স্টেট বাজেট পাশ করার জন্য দায়বদ্ধ ছিল, আর সেটাই আমরা করতে পেরেছি। সমগ্র বাজেট প্রক্রিয়ায় তাদের কঠোর পরিশ্রম এবং আত্মনিবেদনের জন্য আমি বিধানসভার নেতৃত্বে আমার সহযোগী, স্পীকার হেস্টি, সেইসাথে গভর্নর কুওমো এবং সেনেটের সংখ্যাগরিষ্ঠের সকলকে ধন্যবাদ জানাই।", **সিনেট সংখ্যাগরিষ্ঠ নেতা অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন্স বলেন,** "2019-2020 স্টেট বাজেট দুর্দশাগ্রস্ত স্কুল ডিস্ট্রিকটিগুলির উপর বিশেষ জোড় দিয়ে স্টেটের শিক্ষা খাতে বরাদ্দ 1 বিলিয়ন ডলারেরও বৃদ্ধি করেছে। বাজেটটি স্থানীয় প্রশাসনগুলিকে পৌরসভাগুলির জন্য সহায়তা ও অনুপ্রেরণা (Aid and Incentives for Municipalities, AIM), একটি স্থায়ী সম্পত্তি কর, এবং মধ্যবিত্ত নিউ ইয়র্কবাসীদের জন্য কর ছাড় প্রদান করবে। উপরন্তু, আমরা একটি পাবলিক ফিনান্সিং সিস্টেম কার্যকর করা, আমাদের ফৌজদারী বিচার ব্যবস্থার সংস্কার, এবং এক-বার ব্যবহারের প্লাস্টিক ব্যাগগুলি নিষিদ্ধ করার জন্য ঐতিহাসিক পদক্ষেপ নিয়েছি। সেনেট সংখ্যা গরিষ্ঠের সহায়তা হেতু আমাদের প্রথম বাজেট নিউ ইয়র্ককে পরবর্তী প্রজন্মের জন্য একটি আরও শক্তিশালী, স্বচ্ছ, সমৃদ্ধ, এবং পরিচ্ছন্ন স্টেট গড়ে তোলার দিকে এগিয়ে নিয়ে যাবে।"

অ্যাসেম্বলি স্পিকার কার্ল হিস্টি বলেন, "আমরা যে আর্থিক প্রতিদ্বন্দ্বীতার সম্মুখীন হয়েছি, তা সত্ত্বেও, বিধানসভার সংখ্যাগরিষ্ঠ প্রতিনিধিগণ এই বছরের বাজেটে আমাদের সর্বাধিক দুর্বল জনসাধারণের প্রয়োজনীয়তা রক্ষার জন্য লড়াই করেছে। ছাত্রছাত্রীদের প্রতি আমাদের প্রতিশ্রুতি বা

উচ্চ শিক্ষার ক্ষেত্রে আরও সাশ্রয়ী উপায় তৈরি করার জন্য আমাদের অঙ্গীকার থেকে আমরা বিচ্যুত হইনি। এই বাজেট MTA এর জন্য দীর্ঘস্থায়ী অর্থ সরবরাহের উৎস গঠন করেছে এবং সমগ্র স্টেটে পরিবহন ব্যবস্থার গুরুত্বপূর্ণ প্রয়োজনীয়তাগুলি পূরণের আমরা যে প্রতিশ্রুতি দিয়েছিলাম তা পূরণ করেছে। এর থেকেও বেশি গুরুত্বপূর্ণ, আমরা ঐতিহাসিক ফৌজদারি বিচার ব্যবস্থার সংস্কার নিশ্চিত করতে সক্ষম হয়েছি যা নিউ ইয়র্কবাসীদের জীবনযাত্রায় একটি পরিবর্তন নিয়ে আসবে। 2015 সালে আমার স্পীকার হওয়ার পর থেকে, নিউ ইয়র্ক বাসীদের জন্য, আইনের চোখে সকলে সমান, এই বিচার ব্যবস্থার পুনরুদ্ধার ছিল আমার ব্যক্তিগত লক্ষ্য, এবং এই বছরের বাজেট চুক্তি এই লক্ষ্যগুলি পূরণে অনেকটাই এগিয়ে দিয়েছে। লক্ষ্যগুলি হল: আমাদের জামিন পদ্ধতির সংস্কার সাধন, একটি দ্রুত বিচার পদ্ধতির অধিকার সুনিশ্চিত করা, এবং নিউ ইয়র্কের আবরণমোচন প্রক্রিয়ায় গুরুত্বপূর্ণ পরিবর্তনগুলি করা। পরিবারের সদস্যদের প্রয়োজনকে অগ্রাধিকার দিয়ে নিউ ইয়র্কবাসীদের একটি ব্যয় পরিকল্পনা প্রদান করতে অ্যাসেমব্লী সংখ্যাগরিষ্ঠ সহকর্মীদের অঙ্গীকারের জন্য তাদের, এবং আমাদের স্টেটকে এগিয়ে নিয়ে যেতে সহায়তা করার জন্য একটি দায়িত্বপূর্ণ ব্যয় পরিকল্পনা তৈরি করতে সহায়তা করার জন্য আমি সেনেট গণতান্ত্রিক সংখ্যাগরিষ্ঠকে ধন্যবাদ জানাতে চাই।"

বাজেটের মুখ্য বিষয়গুলির মধ্যে রয়েছে:

সম্পত্তি করের স্তর 2% এ স্থায়ী করা: এই ঐতিহাসিক আইন প্রণয়ন প্রক্রিয়ায়, যেহেতু করের স্তরটি 2012 সালে গভর্নর কার্যকর করেছিলেন তাই তখন থেকে 2020 সালের আর্থিক বাজেটে 2% সম্পত্তি করের স্তর স্থায়ীকরণকে অন্তর্ভুক্ত করা পর্যন্ত করদাতাদের প্রায় 25 বিলিয়ন ডলার সাশ্রয় হবে।

ফৌজিদারি বিচারব্যবস্থার সংস্কার: 2020 সালের আর্থিক বাজেটে নিম্নলিখিত সংস্কারগুলি অন্তর্ভুক্ত করার মাধ্যমে নিউ ইয়র্ক ফৌজদারি বিচার ব্যবস্থাকে আরও স্বচ্ছ করার ক্ষেত্রে তার অঙ্গীকার পূরণ করা অব্যাহত রেখেছে:

- **জামিন ও বিচারপূর্ব আটক করার সংস্কার:** নিউ ইয়র্কের জামিন পদ্ধতি আধুনিকীকরণের যুগান্তকারী পরিকল্পনার অংশ হিসাবে, অভব্য আচরণ এবং অহিংস অপরাধগুলির জন্য নগদ জামিন বন্ধ করে দেওয়া হবে, পড়ন্ত, গ্রেপ্তার করে জেলে রাখার পরিবর্তে পুলিস আধিকারিকরা অভব্য আচরণ এবং ক্লাস ই অপরাধের অভিযোগের জন্য ফৌজদারি আদালতে হাজিরা দিতে বলবেন। এই সংস্কারগুলি একত্রে, কোনো অপরাধে অপরাধী কিন্তু দোষী সাব্যস্ত না হওয়া শতকরা 90 মানুষকে অর্থের অভাবে জামিন নিতে না পারায় জেলে থেকে বিচারের জন্য যে অপেক্ষা করতে হয়, এরকম পরিস্থিতি থেকে মুক্তি দেবে।
- **দোষী সাব্যস্ত করার প্রক্রিয়ার রূপান্তর:** নিউ ইয়র্কের বহু পুরাতন দোষী সাব্যস্ত প্রক্রিয়া যার দ্বারা আইনজীবীরা বিচার শুরু না হওয়া পর্যন্ত প্রমাণ পেশ না করে থাকতে পারত, সেই প্রক্রিয়ার আমূল পরিবর্তন করতে 2020 সালের আর্থিক বাজেটে আইন প্রণয়ন করা হয়েছে যাতে বিচারের অনেক আগেই বাদী ও বিবাদি উভয় পক্ষকেই তাদের কাছে থাকা সমস্ত তথ্য পেশ করতে হবে। বিবাদীপক্ষকে নিজেকে দোষী ঘোষণা করার পূর্বে বাদীপক্ষের কাছে কী প্রমাণ আছে তা দেখে নেওয়ার

সুযোগ দেওয়া হবে। সেইসাথে, প্রতিহিংসা এবং অন্য কোনো ধরণের বলপূর্বক নিয়ন্ত্রণ থেকে রক্ষা করার জন্য একটি প্রতিরক্ষামূলক আদেশের জন্য আইনজীবীদের আদালতে একটি আবেদন করার সক্ষমতা প্রদান করে, আইন ব্যবস্থা, অপরাধের শিকার ব্যক্তি এবং সাক্ষিগণের সুরক্ষা নিশ্চিত করবে, সাক্ষির নিরাপত্তা নিশ্চিত করতে প্রয়োজন হলে তার শনাক্তকরণ তথ্য গোপন রাখবে এবং বিচার ব্যবস্থার শুদ্ধতা নিশ্চিত করবে।

- **দ্রুত বিচারের অধিকার নিশ্চিত করা:** নিউ ইয়র্ক স্টেটের আইন অনুযায়ী, অভব্য আচরণের বিচার 90 দিনের মধ্যে এবং গুরুতর অপরাধের বিচার 180 দিনের মধ্যে শেষ করতে হবে, যদিও, বিচারের পূর্বে আটক থাকার গড় সময়কাল অনেক বেশি। এই অবিচারের সুরাহা করতে, 2020 সালের আর্থিক বাজেট একটি আইন অন্তর্ভুক্ত করেছে যেই আইন অনুযায়ী কিভাবে সময়ের মূল্য চার্জ করা হবে সে বিষয়ে মামালাকারীদের পরামর্শ দিতে একটি বিচক্ষণ ভূমিকা পালন করতে হবে। প্রয়োজনের সময়, আদালত, বিচারের জন্য এগিয়ে যাওয়ার ক্ষেত্রে প্রশাসনের প্রস্তুতি সম্পর্কে জিজ্ঞাসাবাদ করতে পারবে এবং প্রস্তুত আছে এই বিবৃতি গৃহীত হওয়ার আগে প্রশাসনকে সমস্ত প্রয়োজনীয় পেপারওয়ার্ক জমা করতে হবে, যা নিশ্চিত করবে যে বিবাদী তার বিপক্ষে মামলার যাবতীয় তথ্য না পাওয়া পর্যন্ত প্রশাসন বিচার শুরু করতে পারবে না।

MTA-র সংস্কার এবং অর্থায়ন: 2020 সালের প্রনীত বাজেট MTA-র সংস্কার এবং MTA-র জন্য নতুন নিবেদিত অর্থের সংস্থান অন্তর্ভুক্ত করেছে।

MTA সংস্কারসমূহ

এর জন্য প্রয়োজন MTA জুন মাসের মধ্যে একটি পুনর্গঠন পরিকল্পনা তৈরি করবে, নিয়োগকারী কর্তৃপক্ষের সাথে সামঞ্জস্য রেখে MTA বোর্ড, নিয়োগগুলিকে পরিবর্তন করবে, MTA কে একটি স্বতন্ত্র্য পুঙ্খানুপুঙ্খ অডিট এবং দক্ষতার পর্যালোচনা করতে হবে, মুখ্য প্রকল্পগুলি পর্যালচনা করতে বাইরের বিশেষজ্ঞদের নিয়ে গঠিত একটি নির্মাণ পর্যালোচনা ইউনিটকে আহ্বান জানাতে হবে, 2023 সাল থেকে শুরু করে একটি 20-বছরের মূলধনের প্রয়োজনীয়তার মূল্যায়ন কার্যকর করতে হবে, প্রতিযোগিতামূলক প্রক্রিয়াকরণের সীমা 100,000 ডলার থেকে বাড়িয়ে 1 মিলিয়ন ডলার করতে হবে, নিয়ামকের চুক্তি অনুমোদনের জন্য একটি 30-দিনের মূল্যায়নের বিজ্ঞপ্তি চালু করতে হবে, এবং MTA-র পারফমেন্স ম্যাট্রিক্সের জন্য সাধারণ মানুষের রিপোর্ট লাগবে। যে কোনো মূলধনী কর্মসূচি পর্যালোচনা পর্ষদের সদস্য যিনি MTA-র মূলধনী পরিকল্পনায় অনুমোদিত হননি, তার উপর তাদের নিষেধাজ্ঞার জন্য একটি লিখিত ব্যাখ্যা প্রয়োজন হবে, এবং MTA কে উত্তর দেওয়ার বা পরিকল্পনাটি পরিবর্তন করার সুযোগ দেবে যাতে সদস্যরা তাদের নিষেধাজ্ঞা তুলে নিতে পারে। কোনো কন্ট্রাক্টর, একটি মূলধনী নির্মাণ প্রকল্পের চুক্তির ব্যয়ের বা সময়ের 10 শতাংশ অতিক্রম করলে, বাজেটটি, MTA কে তাকে নিষিদ্ধ করার অধিকার প্রদান করবে। প্রণীত বাজেট অনুযায়ী 25 মিলিয়ন ডলারের উপরের যে কোনো MTA মূলধনী প্রকল্পকে MTA-র সময় এবং অর্থ সাশ্রয়কারী ডিজাইন-বিল্ড ব্যবহার করতে হবে।

MTA অর্থায়ন

- **সেন্ট্রাল বিজনেস ডিস্ট্রিক্ট টোলিং:** MTA অর্থায়ন একটি সেন্ট্রাল বিজনেস টোলিং প্রকল্পকে অন্তর্ভুক্ত করে, দেশের মধ্যে এই ধরণের প্রথম প্রকল্প। এটি ম্যানহাটনের 60তম স্ট্রিটের (60th Street) দক্ষিণের রাস্তাগুলি হিসাবে উল্লিখিত, সেন্ট্রাল বিজনেস ডিস্ট্রিক্টের পরিসীমায় ইলেকট্রনিক টোলিং ডিভাইসগুলিকে অন্তর্ভুক্ত করবে। ইনস্টলেশনের জন্য এই প্রকল্পটি নিউ ইয়র্ক সিটি পরিবহন দপ্তরের (Department of Transportation, DOT) সাথে ঘনিষ্ঠভাবে কাজ করা ট্রাইবোরো ব্রিজ এবং টানেল কর্তৃপক্ষের (Triborough Bridge and Tunnel Authority, TBTA) দ্বারা স্থাপিত, চালিত এবং প্রতিপালিত হবে। টোল এবং ছাড়গুলি সম্পর্কে পরামর্শ দেওয়ার জন্য TBTA একটি ছয়-সদস্যের যানবাহনের যাতায়াত পর্যালোচনা বোর্ড (Traffic Mobility Review Board) গঠন করবে, এবং ক্রেডিটগুলি শেষ পর্যন্ত বোর্ডের সুপারিশ অনুযায়ী TBTA দ্বারা নির্ধারিত হবে। টোলগুলি পরিবর্তনশীল হবে এবং যাত্রী বহনকারী গাড়ীগুলিকে দিনে শুধুমাত্র একবার চার্জ করা হবে। রূপায়নের দিনটি 31শে ডিসেম্বর 2020-র আগে হবে না। এই টোলিং প্রকল্প থেকে 15 বিলিয়ন ডলার অর্থাগম হবে যা MTA-র মূলধনের প্রয়োজন পূরণে ব্যবহৃত হবে।
- এই প্রণীত বাজেটটি একটি নিবেদিত লকবক্স তৈরি করে যাতে এই আয়ের 100% MTA-এর মূলধনী বাজেটে যাওয়া নিশ্চিত করে এবং মূলধনী নয় এমন ব্যয়ের জন্য এই আয় খরচ করাকে নিষিদ্ধ করে।
- **বৃহৎ বাসগৃহের জন্য প্রগতিশীল কর:** MTA-র জন্য সংস্থান বৃদ্ধি করতে, 2020 আর্থিক বছরের প্রণীত বাজেট 25 মিলিয়ন ডলার বা তার বেশি মূল্যের সম্পত্তি বিক্রয়ের উপর সর্বাধিক 4.15% হারে বৃহৎ বাসগৃহগুলির উপর একটি প্রগতিশীল কর আরোপ করে। এই কর ব্যবস্থা বিলাস বহুল সম্পত্তিগুলির উপর বিচক্ষণভাবে কর আরোপ করে, যা 365 মিলিয়ন ডলার সংগ্রহ করবে এবং MTA-র সেন্ট্রাল বিজনেস ডিস্ট্রিক্ট টোলিং ক্যাপিটাল লকবক্সে জমা করা হবে এবং 5 বিলিয়ন পর্যন্ত MTA প্রকল্পগুলির অর্থের যোগানে সহায়তা করতে ব্যবহার করা হবে। নতুন হারগুলি 2019 সালের 1লা জুলাই থেকে কার্যকর হবে।
- **ইন্টারনেট বিক্রয় কর:** প্রণীত বাজেট ইন্টারনেট মার্কেটপ্লেস সরবরাহকারীদের থেকে সংগ্রহের জন্য একটি স্থায়ী পরিকাঠামো প্রদান করবে, যা স্থানীয় প্রশাসনের জন্য বছরে 160 মিলিয়ন ডলার এবং MTA এর 5 বিলিয়ন ডলার পর্যন্ত মূলধনী প্রকল্পগুলিকে সহায়তাকারী লকবক্সে 320 মিলিয়ন ডলার নতুন রাজস্ব সৃষ্টি করবে বলে আশা করা হচ্ছে। বিক্রয় করের অন্য পরিবর্তনগুলি নিউ ইয়র্ক সিটির বাইরের কাউন্টি প্রশাসনগুলির জন্য নতুন সংস্থানে আরও 48 মিলিয়ন ডলার সৃষ্টি করবে।

শিক্ষা খাতে এবং সাম্যের জন্য অর্থ বরাদ্দ বৃদ্ধি: শিক্ষা খাতে 1 বিলিয়ন ডলারের বেশি বরাদ্দ বৃদ্ধি শিক্ষা খাতের মোট বরাদ্দকে 27.9 বিলিয়ন ডলারের একটি রেকর্ডে নিয়ে গেছে, যার মধ্যে বর্ধিত বরাদ্দের 70 শতাংশের বেশি খরচ করা হবে তুলনামূলক দরিদ্র ডিস্ট্রিক্টগুলির জন্য। স্কুল ডিস্ট্রিক্টগুলি নির্দিষ্ট স্কুলগুলিকে কিভাবে প্রয়োজনীয় অর্থ প্রদান করছে তা রিপোর্ট করতে হবে।

পাবলিক ক্যাম্পেন ফিনান্সের রূপায়ন: 2020 আর্থিক বছরের প্রণীত বাজেট একটি নতুন পাবলিক ফিনান্সিং কমিশন গঠন করেছে যার পাবলিক ফান্ডগুলিতে বছরে 100 মিলিয়ন ডলার পর্যন্ত অর্থের

অনুমোদন দিয়ে, আইনী এবং রাষ্ট্রীয় অফিসগুলির জন্য পাবলিক ক্যাম্পেন বাস্তবায়িত করতে জোটবন্ধনের অধিকার থাকবে। কমিশনটি যোগ্যতার মাপকাঠি, পাবলিক ফিনান্সিং এর সীমা, এবং অংশগ্রহণকারী প্রার্থীদের জন্য অবদানের সীমা সহ পাবলিক ফিনান্সিং সিস্টেমের নির্দিষ্ট বৈশিষ্ট্য নির্ধারণ করবে। কমিশনের পর্যবেক্ষণের রিপোর্ট 2019 সালের 1লা ডিসেম্বর পেশ করতে হবে এবং 20 দিনের মধ্যে আইন অনুযায়ী সংশোধিত না হলে রিপোর্ট পেশ করতে বাধ্য থাকবে।

সাশ্রয়ী পরিচর্যা আইন (Affordable Care Act, ACA) এবং হেলথ এক্সচেঞ্জকে বিধিবদ্ধ করা: যখন নিউ ইয়র্ক সাশ্রয়ী পরিচর্যা আইনের ঐতিহাসিক অগ্রগতিতে বাঁধা দেওয়ার জন্য ওয়াশিংটন ক্রমাগত হুমকি দিচ্ছে, সেই সময় ACA-র মুখ্য প্রবিধানগুলিকে বিধিবদ্ধ করে এবং নিউ ইয়র্ক স্টেট হেলথ এক্সচেঞ্জকে (New York State Health Exchange) আইনে পরিণত করে এটিই নিশ্চিত করা হয়েছে যে যুক্তরাষ্ট্রীয় পর্যায়ে যাই হোক না কেন, এই মুখ্য প্রবিধানগুলি নিউ ইয়র্ক স্টেটে সুরক্ষিত আছে।

প্লাস্টিক ব্যাগের ব্যবহার নিষিদ্ধকরণ: প্রণীত বাজেটটি গ্রাহকদের প্রদান করা একবার-ব্যবহারের প্লাস্টিক ব্যাগগুলিকে নিষিদ্ধ করার আইনকে অন্তর্ভুক্ত করে এবং কাউন্টি এবং সিটিগুলিকে কাগজের ব্যাগের উপর 5-সেন্ট চার্জ করার বিকল্প প্রদান করে, যা নিম্ন ও স্থায়ী আয়ের উপভোক্তাদের পুনরায় ব্যবহারযোগ্য ব্যাগ ক্রয় করার জন্য স্থানীয় কর্মসূচিগুলিকে 40 শতাংশ অর্থ দিয়ে, এবং স্টেটের পরিবেশ সংরক্ষণ তহবিলে (Environmental Protection Fund) কর্মসূচিগুলিকে 60 শতাংশ তহবিল দিয়ে সহায়তা করছে।

নারী সংক্রান্ত বিষয়সূচির সম্প্রসারণ: প্রণীত বাজেটটি ইন-ভিট্রো ফার্টিলাইজেশন (in-vitro fertilization, IVF) এবং এগ-ফ্রিজিং (egg-freezing) এর কভারেজ, যৌন ব্যবসার জন্য নারী পাচারে ক্ষতিগ্রস্তদের ধর্ষণ থেকে রক্ষা করার সরঞ্জাম, গার্হ্যস্থ সহিংসতার জন্য বাসস্থানের প্রয়োজনীয়তার সংস্কারকে আবশ্যিক করেছে, এবং নিউ ইয়র্ক সিটির বাইরের ডিস্ট্রিক্টগুলির জন্য বাজারের হার বজায় রাখতে শিশু পরিচর্যায় 26 মিলিয়ন ডলার বিনিয়োগ করবে।

জানুস সুরক্ষার সম্প্রসারণ: প্রণীত বাজেটটি পাবলিক সেক্টর ইউনিয়নগুলিকে নতুন সুরক্ষাকবচ প্রদান করে এবং আরও নিউ ইয়র্কের সকল স্থানীয় প্রশাসনের মধ্যে জানুস সুরক্ষা সম্প্রসারিত করে এবং সংগঠিত হওয়ার ও একত্রিতভাবে দর কষাকষি করার অধিকারের নিশ্চয়তা প্রদান করে।

গণতান্ত্রিক বিষয়সূচিকে আইনে রুপান্তর: বিধানসভা অধিবেশনের প্রথম 10 সপ্তাহের মধ্যে পাশ হওয়া ভোটিং সংস্কারের উপর ভিত্তি করে, এই বছরের বাজেটে, নির্বাচনের দিন ভোট দেওয়ার জন্য সকল নিউ ইয়র্কবাসীদের তিন ঘন্টার বেতন প্রদান করাকে আবশ্যিক করতে অতিরিক্ত আইন পাশ, ভোটারের অনলাইন নিবন্ধন আইন পাশ, ই-পোল বইগুলির জন্য অর্থ বরাদ্দ, দূরবর্তী অঞ্চলগুলিতে সকাল 6টায় ভোট আরম্ভ করাকে আইনে পরিণত করা, এবং অগ্রিম ভোটদানের জন্য 10 মিলিয়ন ডলার অন্তর্ভুক্ত করা হয়েছে।

পরিষ্কার পানীয় জলের জন্য বিনিয়োগ: 2020 আর্থিক বছরের বাজেট, পরিষ্কার জলের পরিকাঠামোতে, স্টেটের ঐতিহাসিক 2.5 বিলিয়ন ডলার বিনিয়োগের উপর গঠিত, অতিরিক্ত 500 মিলিয়ন ডলার বিনিয়োগ করবে।

উচ্চতর বৃত্তির বিনামূল্যের শিক্ষা কর্মসূচির (Excelsior Scholarship Free Tuition Program) জন্য যোগ্যতা সম্প্রসারণ: যেহেতু স্টেটের সফল বিনামূল্যের শিক্ষার কর্মসূচি তার তৃতীয় বছরে পদার্পণ করল, স্টেট ইউনিভার্সিটি অফ নিউ ইয়র্ক (State University of New York, SUNY) এবং সিটি ইউনিভার্সিটি অফ নিউ ইয়র্ক (City University of New York, CUNY) এর ছাত্রছাত্রীরা যাদের পরিবারের বাৎসরিক আয় সর্বাধিক 125,000 ডলার তারা এখন টিউশন-ফ্রী কলেজের জন্য আবেদন করার যোগ্যতা লাভ করবে।

লিমোগুলিকে নিয়ন্ত্রণ: লিমো শিল্পের জন্য নতুন আইন প্রণয়ন, এটিকে একটি E শ্রেণীর অপরাধ বলে স্বীকৃত করা যেখানে একটি লিমো অপারেট করার জন্য সজ্ঞানে অন্য কোনো ব্যক্তির মৃত্যু হয়, আইনসংক্রান্ত শাস্তি কঠোরতর করা – অতিরিক্ত জরিমানা সহ – স্টেটের পরিবহন দপ্তরকে (State Department of Transportation) ছাড়া অপারেট করা বা পরিবহন দপ্তরের (DOT) নিরাপত্তা সংক্রান্ত আইন লঙ্ঘন করা। সেইসাথে, লিমোগুলি অনুবর্তিতার বাইরে থাকাকালীন, স্টেট পুলিশ এবং DOT-র গাড়ীর প্লেটগুলি পুনরুদ্ধার করার নতুন অধিকার দেওয়া হবে। মোটর ভেহিকেলস ডিপার্টমেন্ট (Department of Motor Vehicles, DMV) যুক্তরাষ্ট্রীয় নিরাপত্তার মানদণ্ড পূরণ না করা লিমোগুলির নিবন্ধন প্রত্যাখান এবং প্রত্যাহার করতে পারবে। একটি অননুমোদিত গাড়ী একটি লাইসেন্স প্রাপ্ত পরীক্ষা কেন্দ্রে পরীক্ষা করতে আসলে, পরীক্ষা কেন্দ্রটিকে এখন ওই গাড়ীটি সম্পর্কে DMV তে রিপোর্ট করতে হবে। 18-মাসের মধ্যে কোনো পরীক্ষা কেন্দ্র অন্যায্যভাবে পরীক্ষা সম্পাদন করলে তার অপারেটিং সার্টিফিকেট বাতিল করা হবে। স্ট্রেচ লিমোসগুলির U-টার্ন করা নিষিদ্ধ করা হয়েছে। আটজন বা তার বেশি যাত্রী বসার ক্ষমতাযুক্ত বাণিজ্যিক গাড়ীগুলিকে অন্তত 1.5 মিলিয়ন ডলার কভারেজ যুক্ত বিমা রাখতে হবে।

Jose R. Peralta বহিরাগত নাবালকদের বিকাশ, সহায়তা এবং শিক্ষা আইন (Development, Relief and Education for Alien Minors Act, DREAM Act) কে রূপদান: প্রনীত বাজেট, এই বছরের গোড়ারদিকে আইনসভা দ্বারা প্রথম পাশ হওয়া, Jose R. Peralta বহিরাগত নাবালকদের বিকাশ, সহায়তা এবং শিক্ষা আইন কে রূপায়িত করে এবং 27 মিলিয়ন ডলার সম্পূর্ণ অর্থের যোগান দেয়।

একটি পূর্নাঙ্গ জনগণনায় সহায়তা: এই বছরের বাজেট 2020 আর্থিক বছরের জন্য সমস্ত নিউ ইয়র্কবাসীদের জনসংখ্যার অংশ হিসাবে গণনা করা নিশ্চিত করতে পুনর্বাসন এবং শিক্ষার জন্য 20 মিলিয়ন ডলার বরাদ্দ করেছে।

আয়ের উৎস রক্ষার নিশ্চিতকরণ: যে সকল নিউ ইয়র্কবাসী মজুরি নয় এমন আয় বা ভর্তুকি ছাড়া ন্যায্য আয়ের অন্য কোনো উৎস থেকে আয় করেন তাদের এখন বাসস্থানের ক্ষেত্রে বৈষম্য থেকে রক্ষা করা হবে। সমস্ত নিউ ইয়র্কবাসী, যার মধ্যে অন্তর্ভুক্ত কিন্তু সীমিত নয়, নির্দিষ্ট কিছু গার্হ্যস্থ সহিংসতার পরিত্রান পাওয়া ব্যক্তি, প্রবীণ, এবং প্রতিবন্ধী ব্যক্তি, তারা তাদের আয়ের ন্যায্য

উৎসের কারণে বৈষম্যের শিকার হলে নিউ ইয়র্ক স্টেট মানবাধিকার বিভাগের (New York State Division of Human Rights) মাধ্যমে অভিযোগ দাখিল করতে পারবেন।

পরিবেশ সুরক্ষা তহবিলের জন্য রেকর্ড অর্থ পুনরায় বরাদ্দ করা: প্রণীত বাজেটে 300 মিলিয়ন মার্কিন ডলার অর্থ বরাদ্দ করা হয়েছে, যা এই কর্মসূচির ইতিহাসে সর্বোচ্চ বরাদ্দ।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার ।press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন